

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭ ১৬

মোহনপুর, ৬ নভেম্বর, ২০২৪

**মোহনপুরে লাইব্রেরির উদ্বোধনে কৃষিমন্ত্রী
রাজ্যে ২৯টি পাবলিক লাইব্রেরি রয়েছে**

মোহনপুরের ঐরান চৌমুহনিত্তে আজ মোহনপুর পাবলিক লাইব্রেরির দ্বারোদঘাটন করেন কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ। এ উপলক্ষে মোহনপুর পঞ্চায়েত সমিতি হলে লাইব্রেরির উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। গ্রন্থাগারের উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ বলেন, মোহনপুরবাসীর দীর্ঘদিনের স্বপ্ন পূরণ হলো এই লাইব্রেরি উদ্বোধন হওয়ার ফলে। এরজন্য তিনি রাজ্য সরকারকে ধন্যবাদ জানান। তিনি বলেন, যতদিন বাঁচি ততদিন শিখি। পড়ার কোনও শেষ নেই। তিনি বলেন, আমাদের জ্ঞান আসে বই থেকে। তিনি ভবিষ্যৎ প্রজন্মকে আরও বেশি করে বই পড়ার পরামর্শ দেন। তিনি বলেন, ত্রিপুরাতে এটি নিয়ে ২৯টি পাবলিক লাইব্রেরি রয়েছে। প্রতিটি ব্লকে, প্রতিটি পঞ্চায়েতে, ভিলেজে লাইব্রেরি খোলার জন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকার চেষ্টা করেছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, লেফুঙ্গা বিএসি চেয়ারম্যান রণবীর দেববর্মা, মোহনপুর স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ হারাধন সাহা, বিশিষ্ট লেখক রাখাল মজুমদার প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ। স্বাগত বক্তব্য রাখেন উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা। এই লাইব্রেরিতে বিভিন্ন দৈনিক পত্রিকাও পাওয়া যাবে।
